4958

I 3802

150 Rs.

INDIA NON JUDICIAL

१५० रु.

R$ 150

भारत

एक सौ पचास रुपया ONE HUNDRED & FIFTY RUPEES

~~Admissible under Regn. Rule 21 (Removed from stamp duty or fees not require stamp duty)~~ under the Indian Stamp Act 1899 as amended in 1964 Schedule 1 No. ...
No. 45

Fee Paid
A 79.50
15.00
2.00
1.50
98/-

Registrar U/S 7 (2)
Alipore, 24 Parganas
13. 7. 73

## পার্টিশান বা বন্টন নামা পত্র ।

**প্রথম পক্ষ ঃ-**

শ্রী [illegible]বীপেন ব্যানার্জ্জি, পিতা মৃত সুরেন্দ্র নাথ ব্যানার্জ্জি, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাকিম ৩৩ নং কালী কুমার ব্যানার্জ্জি লেন, থানা চিৎপুর সহর কলিকাতা - ২ ।

------------ o ------------

**দ্বিতীয় পক্ষ ঃ-**

শ্রীমতী জ্যোতির্ম্ময়ী দেবী, পিতা মৃত সুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায় জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাকিম ৩৩ নং কালী কুমার ব্যানার্জ্জি লেন, থানা চিৎপুর, সহর কলিকাতা - ২ ।

------------ o ------------

অস্য আপোষ বন্টন পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

6 RS

INDIA

रुपया रुपया

SIX RUPEES भारत SIX RUPEES



কার্য্যকারণে -

জিলা ২৪ পরগণা, থানা চিৎপুর, মৌজা চিৎপুরের অন্তর্গত ডিহি ৫৫ গ্রামের গভর্ণমেন্ট খাস মহলস্থিত ডিভিসন "১" সবডিভিসন "৫" হোল্ডিং নম্বর ১০৭ ভুক্ত কলিকাতা কর্পোরেশনের এলাকাধিন ৩৩ নং কালী কুমার ব্যানার্জ্জি লেনস্থ কমবেশী ৴৪৷৷৵০ চারি কাঠা দশ ছটাক পরিমিত নিস্কর জমি সায় তদুপরিস্থিত আংশিক দ্বিতল আংশিক একতলা পাকা ইমারত বাটীতে পক্ষগণের পিতা স্বর্গীয় সুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়ের ১/৩ অংশ জ্যেষ্ঠ - তাত স্বর্গীয় ভুপেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়ের ১/৩ অংশ এবং জেঠাইমা ৺ সুবর্ণ বালা দেবীর ১/৩ অংশে স্বত্ববান দখলিকার নিযুক্ত থাকে। তাঁহারা উক্ত সম্পত্তিতে নিজ নিজ অংশানুসারে এজমালিতে দখলিকার থাকেন। ৺ সুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায় কোন উইল না করিয়া ইং ৭।১।৫৮ তারিখে পরলোক গত

50 nP

पचास नये पैसे पचास नये पैसे

भारत

FIFTY NAYE PAISE



গত হইলে তাঁহার পরিত্যক্ত অবিভক্ত ১/৩ এক তৃতীয়াংশ আমরা উভয় পক্ষ উত্তরাধিকারী সূত্রে তুল্যাংশে প্রাপ্ত হইয়া দখলিকার নিযুক্ত আছি। উক্ত প্রকারে আমি দ্বিতীয় পক্ষ ১/৬ অংশ এবং প্রথম পক্ষ ১/৬ অংশে মালিক হইয়া স্বত্ববান দখলিকার হই। তৎপর ৺ ভূপেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় তাঁহার অবিভক্ত ১/৩ অংশ গত ইং ২৯।৭।৫৯ তারিখে একক্তো রেজিষ্ট্রীকৃত উইল সম্পাদন করিয়া উক্ত সম্পত্তি দ্বিতীয় পক্ষকে নির্ব্যূঢ় স্বত্ব প্রদান করিবার নির্দ্দেশ প্রদানে গত ১৯৬৩ সালের ১লা ফেব্রুয়ারী তারিখে পরলোক গত হয়েন। তৎপর দ্বিতীয় পক্ষ উক্ত উইল মূল আলিপুরের ষষ্ঠ সবজজ ডিষ্ট্রিক্ট ডেলিগেট আদালত হইতে ১৯৭৩ সনের ৭৩ নং মোকর্দ্দমায় ২২।৬।৭৩ তারিখে উইলের নকল সহ লেটার আব এডমিনিষ্ট্রেশন প্রাপ্ত হইয়া স্বত্ববতী দখলকারিণী হন। তৎপর গত ইং ২০।১২।৬৬ তারিখে উভয় পক্ষের জেঠাইমাতা ৺ সুবর্ণ বালা দেবী তাঁহার

তাঁহার অবিভক্ত $\frac{১}{৩}$ অংশ সম্পর্কে কোন উইল বা অন্য কোন বন্দোবস্ত না করিয়া নিঃসন্তান অবস্থায় পরলোক গতা হইলে আমরা উভয় পক্ষ তৎপরিত্যক্ত অংশ উত্তরাধিকারী সূত্রে তুল্যাংশে প্রাপ্ত হই। উক্তাবস্থায় আমি দ্বিতীয় পক্ষ জ্যোতির্ময়ী ব্যানার্জি আমার স্বত্ব দখলিয় উক্ত জেঠাইমার উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত $\frac{১}{৩}$ অংশ ইং ১৯৭৩ সনের ৪ঠা জুন তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত দান পত্র মূলে আমি আমার জ্যেষ্ঠ ভ্রাতা প্রথম পক্ষকে স্নেহের প্রবৃত্তি মূলে দান করিয়াছি, এবং তদনুসারে প্রথম পক্ষ উক্তাংশে মালিক দখলকার হইয়াছেন। উক্ত দান পত্র পার্ক সার্কাস শিয়ালদহ সবরেজিষ্ট্রী অফিসে ১৯৭৩ সনের ৯৪১ নং দলিল মূলে ভল্যুম নং ৩৪ এবং বুক নং ১, পৃষ্ঠা ৬৩ হইতে ৬৬ এতে রেজিষ্ট্রীকৃত হইয়াছে।

উক্ত প্রকারে পূর্ব্ব বর্ণিত সম্পত্তিতে যাহা নিম্নে ১ নং তপশীলে বিশদ রূপে বর্ণিত হইল তাহাতে আমি প্রথম পক্ষ আমার আট আনা ও তুমি দ্বিতীয় পক্ষ তোমার আট আনা হওয়ায় উভয়ে উক্ত সম্পত্তি তুল্যাংশে যোগ আনিতে বসবাস করিয়া এবং ভাড়াটিয়াগণ হইতে ভাড়া আদায় করিয়া এবং উক্ত সম্পত্তির যাবতীয় আয় উপসত্বাদি ভোগ করিয়া এজমালিতে মালিক দখলকার নিযুক্ত আছি।

ভবিষ্যতে তপশীলের সম্পত্তি ভোগদখল নিয়া আমাদের মধ্যে বা আমাদের ওয়ারিশান দের মধ্যে কোনরূপ বিরোধের সৃষ্টি না হয় তজ্জন্য আমরা উভয় পক্ষ আমাদের এজমালি নিম্ন ১ নং তপশীল বর্ণিত সম্পত্তি অত্র দলিল

দলিল মূলে আপোষে বন্টন করিয়া চিহ্নিত বিভাগ করিয়া লইলাম । অত্র বন্টন মূলে আমি প্রথম পক্ষ নিম্ন বর্ণিত ১।ক। তপশীলের সম্পত্তি এবং আমি দ্বিতীয় পক্ষ ১।খ। সম্পত্তি নির্ব্যূঢ় স্বত্বে ও পৃথক চিহ্নিত মতে প্রাপ্ত হইলাম । আমরা উভয় পক্ষ উক্ত রূপে আপোষ বন্টন মতে নিজ নিজ প্রাপ্ত ও চিহ্নিত সাহামের ভূমিতে ও গৃহাদিতে মালিক দখলকার নির্দিষ্ট হইলাম । আমরা উভয় পক্ষ নিজ নিজ প্রাপ্ত সাহামের ভূমি পুরুষানুক্রমে ও স্থলাভিষিক্ত গণ ক্রমে সর্ব্বপ্রকার হস্তান্তরের কার্য্যাদি পরিচালনে নির্ব্যূঢ় স্বত্বে মালিক দখলকার নিযুক্ত রহিলাম । উক্ত আপোষ বন্টন দ্বারা আমরা উভয় পক্ষ চিরকাল বাধ্য থাকিব এবং কোন পক্ষ বন্টন কৃত সম্পত্তির কোন অংশের মূল্যের তারতম্য বা অবস্থানের তারতম্যের জন্য বা অপর কোন কারণে উক্ত বন্টন রহিত করার জন্য কোনরূপ মোকর্দ্দমা করিতে পারিবেন না । আমরা উভয় পক্ষ নিজ নিজ সাহামের ভূমিতে ও দালানাদিতে দখল বুঝিয়া পাইলাম । ভবিষ্যতে কোন পক্ষ ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে অপর পক্ষের সাহামের ভূমিতে বা গৃহাদিতে কোন প্রকার স্বত্ব দখল দাবী করিতে পারিবে না ও পারিব না ।

প্রকাশ থাকে যে, ১।ক। তপশীল বর্ণিত সম্পত্তির পূর্ব্ব দিকে যে ৩' ফুট প্রস্থ প্যাসেজ আছে এবং যাহা দক্ষিণ দিকে কালী কুমার ব্যানার্জ্জী লেন হইতে উত্তর দিকে বরাবর যাইয়া পরে পশ্চিম দিকে গিয়া ১।খ। নং তপশীল বর্ণিত সম্পত্তিতে পৌঁছাইয়াছে, উক্ত প্যাসেজ দ্বিতীয় পক্ষের সম্পূর্ণ অধিকারে থাকিবে । প্রথম পক্ষের উক্ত প্যাসেজে যাতায়াতের স্বত্ব থাকিবে না,

কিন্তু প্রথম পক্ষের বাড়ী মেরামতের জন্য ভারা বাঁধিবার স্বত্ব থাকিবে, এবং ছাদ হইতে বৃষ্টির জল রেন ওয়াটার পাইপ দিয়া উক্ত প্যাসেজের পার্শ্বে যে ড্রেণ আছে তাহাতে জল নিকাশের অধিকার থাকিবে, এবং প্রথম পক্ষ নূতন জলের কানেকশান ঐ প্যাসেজের তলা দিয়া আনিতে পারিবে ।

প্রথম পক্ষের অংশে পায়খানা নাই । প্রথম পক্ষ নিজ ব্যয়ে নিজ অংশের মধ্যে আলাদা পায়খানা নির্ম্মাণ করিয়া লইবেন, এবং নিজ ব্যয়ে পৃথক জলের পাইপ প্রস্তুত করিয়া জলের বন্দোবস্ত করিবেন । জলের যে পুরাতন কানেকশান আছে তাহাতে দ্বিতীয় পক্ষের সম্পূর্ণ অধিকার থাকিবে, এবং প্রথম পক্ষের থাকিবে না ।

প্রথম পক্ষের অংশের উত্তর দিকেযে দ্বিতীয় পক্ষের ঘরের দেওয়াল আছে উক্ত দেওয়ালের দক্ষিণ ভাগে মেরামত ও সংস্কারাদি করিবার জন্য দ্বিতীয় পক্ষকে প্রথম পক্ষ উপযুক্ত সুবিধা দিবেন । কিন্তু উক্ত দেওয়ালে যে জানালা আছে তাহা প্রথম পক্ষ ওয়ারেশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে কোনও কালে বন্ধ করিতে পারিবে না । জানালার সন্মুখে কোনও ঘর তুলিতে হইলে প্রথম পক্ষকে ৪´ চারি ফুট ছাড়িয়া ঘর তুলিতে হইবে । দ্বিতীয় পক্ষ যদি উক্ত ঘরের উপরে নূতন ঘর তৈয়ারী করেন তাহা হইলে দ্বিতীয় পক্ষকেও ৪´ চার ফুট ছাড়িয়া নূতন ঘর তুলিতে হইবে । ঐ দেওয়ালের গায়ে উক্ত জানালা ছাড়া দেওয়াল উঠাইতে হইলে কোন জায়গা ছাড়ার আবশ্যক হইবে না ।

পক্ষগণ নিজ নিজ ইলেকট্রিক লাইনের বন্দোবস্ত করিবেন । পক্ষগণের

পক্ষগণের মধ্যে ইতি পূর্ব্বে যে ইজমেন্ট রাইট ছিল তাহা অদ্য হইতে ৪ চারি মাসের মধ্যে সম্পূর্ণ লুপ্ত হইবে, এবং উক্ত সময় মধ্যে পক্ষগণ নিজ নিজ অংশের পায়খানা, জলের কল, পাইপ লাইন ইত্যাদি বন্দোবস্ত করিয়া লইবেন। উক্ত সময় উত্তীর্ণ হইলে কোনও পক্ষ অপর পক্ষের কোনও অংশে কোনও ইজমেন্ট বা অন্য দাবী করিতে পারিবেন না।

উক্ত ১ নং তপশীলের সম্পত্তি বন্টন করিয়া আমাদের প্রত্যেকের অংশ ম্যাপে পৃথক রংয়ে রঞ্জিত করিয়া দাখিল হইল। অর্থাৎ ১।ক। সম্পত্তি/ "হলুদ" রংয়ের সীমানা দ্বারা প্রদর্শিত ও লট "বি" রূপে চিহ্নিত ১।খ। সম্পত্তি"লাল" রংয়ের সীমানা দ্বারা প্রদর্শিত লট "এ" রূপে চিহ্নিত হইল।

১নং তপশীল ভুক্ত মোট বিভাজ্য সম্পত্তির পরিচয় ঃ-

জেলা ২৪ পরগণা, থানা চিৎপুরের অধিন ডিহি ৫৫ গ্রামের সংক্রান্ত খাস মহাল স্থিত ডিভিসন "১", সবডিভিসন "৫", হোল্ডিং নম্বর ১০৭ ভুক্ত কলিকাতা কর্পোরেশনের এলাকাধিন ৩৩ নং কালী কুমার ব্যানার্জ্জি মিউনিসিপ্যাল প্রেমিসেস ভুক্ত কমবেশ ৴৪॥৶০ চারি কাঠা দশ ছটাক পরিমিত নিষ্কর জমি সহ তদুপরিস্থিত আংশিক দ্বিতল ও আংশিক একতলা পাকা ইমারত বাটী সহ প্যাসেজ, ড্রেণ, ফিল্টার ওয়াটার কানেকশান ইত্যাদি যাবতীয় সত্ত্ব সরঞ্জাম ও সর্ব্বপ্রকার ইজমেন্ট সুত্বাদি সমেত দরবস্তু হক হকুক সম্পত্তি মোট

মোট মূল্য ২৬০০০.০০ ছাব্বিশ হাজার টাকা ।

১।ক। নং তপশীল বর্ণিত সম্পত্তি
যাহা প্রথম পক্ষের অংশে চিহ্নিত বিভক্ত হইয়া নির্দ্দিষ্ট হইল ।

১ নং তপশীল ভুক্ত সম্পত্তির দক্ষিণ দিকে কালী কুমার ব্যানার্জ্জি লেনের উপর অবস্থিত ৩৩ নং কালী কুমার ব্যানার্জ্জি লেনস্থ মিউনিসিপ্যাল প্রেমিসেস ভুক্ত পৃথক চিহ্নিত কমবেশী ‌/২৩৬´ দুই কাঠা দুই ছটাক ছয় স্কোয়ার ফুট পরিমিত জমি মায় তদুপরিস্থিত আংশিক দ্বিতল এবং আংশিক একতলা ইমারত বাটী মায় পূর্ব্ব দিকে প্যাসেজের উপর কমন ড্রেণ সাজপাট সরঞ্জামাদি সমেত দরবস্ত হক হকুক সম্পত্তি ।

যাহার চৌহদ্দি ঃ-

উত্তরে ঃ- দ্বিতীয় পক্ষের চিহ্নিত অংশ ।

পূর্ব্বে ঃ- দ্বিতীয় পক্ষের যাতায়াতের প্যাসেজ - উক্ত প্যাসেজে প্রথম পক্ষের ভারা বাঁধিবার ও জল নিকাশের অধিকার আছে, এবং তৎপরে কমন ড্রেণ ।

দক্ষিণে ঃ- মিউনিসিপ্যাল ড্রেণ ও কালী কুমার ব্যানার্জ্জি লেন নামক সরকারী রাস্তা ।

পশ্চিমে ঃ- ৩২ নং কালী কুমার ব্যানার্জ্জি লেন প্রেমিসেস ।

উক্ত অঙ্কন অত্র সংলগ্ন প্ল্যানে " হলুদ " সীমারেখা দ্বারা বেষ্টিত

বেষ্টিত হইয়া প্রদর্শিত হইয়াছে। ইহার মূল্য ১৩০০০˙০০ তের হাজার টাকা।

১।খ। তপশীল বর্ণিত সম্পত্তি
যাহা দ্বিতীয় পক্ষের অংশে চিহ্নিত বিভক্ত হইয়া নির্দ্দিষ্ট হইল।

১নং তপশীল ভুক্ত সম্পত্তির উত্তর দিকে ৩৩ নং কালী কুমার ব্যানার্জ্জি লেনস্থ প্রেমিসেস ভুক্ত পৃথক চিহ্নিত কমবেশ ⁄২।।০৪´ দুই কাঠা আট ছটাক চারি স্কোয়ার ফুট পরিমিত জমি মায় তদুপরিস্থিত একতলা ইমারত বাটী মায় তদুপরিস্থিত একতলা ইমারত বাটী মায় যাবতীয় সাজপাট সরঞ্জামাদি সমেত দরবস্থ হকুক সম্পত্তি ও যাতায়াতের জন্য নির্দ্দিষ্ট প্যাসেজ ও ড্রেণ সর্ব্ব প্রকার ইজমেন্ট সুত্বাদি সমেত দরবস্থ হকুক।

যাহার চৌহদ্দি ঃ-

উত্তরে ঃ- ১১এ গোবিন্দ পাল লেন।

পূর্ব্বে ঃ- ৩৪ নং কালী কুমার ব্যানার্জ্জি লেন।

দক্ষিণে ঃ- ১।ক। নং তপশীল বর্ণিত পৃথক চিহ্নিত সম্পত্তি ও কালী কুমার ব্যানার্জ্জি লেন।

পশ্চিমে ঃ- ৩২ নং কালী কুমার ব্যানার্জ্জি লেন।

উক্ত পৃথক চিহ্নিত সম্পত্তি অত্র সংলগ্ন প্ল্যানে " লাল " রংয়ের সীমারেখা দ্বারা বেষ্টিত হইয়া প্রদর্শিত হইয়াছে। ইহার মূল্য ১৩০০০˙০০ তের হাজার টাকা।

[illegible]

উপরোক্ত বন্টন নামা বাবদ ষ্ট্যাম্প নির্ণয়ার্থ ১৩০০০.০০ তের হাজার টাকার উপর ষ্ট্যাম্প দেওয়া হইল।

প্রকাশ থাকে যে, মূল দলিলটী দ্বিতীয় পক্ষের নিকট রহিল, এবং প্রথম পক্ষের প্রয়োজন মতে তাহা দ্বিতীয় পক্ষ প্রদর্শন করাইতে বাধ্য রহিলেন।

এতদর্থে সুস্থ শরীরে স্বচ্ছন্দ চিত্তে পার্টিশান দলিলের বিষয় সম্পূর্ণ রূপে অবগত হইয়া সম্যক বুঝিয়া আমরা উভয় পক্ষ স্বেচ্ছায় এই বন্টন নামা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি সন ১৩৮০ সালের ২৮ শে আষাঢ়, ইংরাজী সন ১৯৭৩ সালের ১৩ ই জুলাই।

সাক্ষী :-

[illegible]

টাইপকারক :-

[illegible]

আলিপুর পুলিশ কোর্ট,

কলিকাতা - ২৭।

SEAL OF THE ASSESSOR

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas
3/7/73

Copy verified
30/8/73
Deputy Assessor
Corporation of
Calcutta
30.8.73

1.00
0.50
1.50

Book I
Volume No. 101
Pages 104 to 110
Being No. 3802
For the Year 19 73